



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি তিতুমীর কলেজ
ঢাকা।



তারিখঃ ৩০ /০১/২০২৩খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব ভর্তির সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে সরকারি তিতুমীর কলেজের বিভিন্ন বিভাগে ২০২১-২০২২ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্বে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। যে সকল শিক্ষার্থী সরকারি তিতুমীর কলেজ থেকে ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় CGPA- পেয়ে উত্তীর্ণ হয়েছে (ফলাফল সমন্বয়সহ) তারা আগামী ০৮/০১/২০২৩খ্রি. থেকে ০৫/০২/২০২৩খ্রি. পর্যন্ত অনলাইন প্রক্রিয়া অনুসরণ করে ভর্তি সম্পন্ন করতে পারবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষ মাস্টার্স শেষ পর্বে ভর্তি ফি

ক্রঃ	বিষয় সমূহ	সেমিনার ফি	টাকার পরিমাণ	মোট টাকার পরিমাণ
০১	বাংলা ও দর্শন	৪০০.০০	৩৭৫০.০০	৪১৫০.০০
০২	ইংরেজী, ইতিহাস, ইস:ইতিহাস, ইসলামীশিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, ফিন্যান্স, মার্কেটিং।	৪০০.০০	৩৭০০.০০	৪১০০.০০
০৩	পদার্থবিদ্যা, প্রাণিবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান ও গণিত।	৫৫০.০০	৩৮০০.০০	৪৩৫০.০০

বিদ্রঃ প্রত্যেক বিষয়ের সাথে ননক্রেডিট ICT কোর্স নেয়া যাবে সেক্ষেত্রে অতিরিক্ত ২৮০০/- টাকা সরাসরি আই সিটি বিভাগে জমা দিতে হবে।

প্রতিদিন সকাল ০৯.০০টা হতে দুপুর ২.০০টা (সরকারি ছুটির দিন ব্যতিত) ভর্তি ফরম (সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত), টাকা জমার অনলাইন কপি ও অন্যান্য কাগজপত্রসহ শেখ কামাল প্রশাসনিক ভবনের ২য় তলা হিসাব শাখায় ১নং ও ২নং কাউন্টারে জমা দিতে হবে।

আবেদন ফরমের সাথে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে-

- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার পাসের মূল নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার পাসের নম্বরপত্র/সার্টিফিকেট, প্রশংসাপত্র ও চারিত্রিক সনদের ফটোকপি।
- দুই কপি পাসপোর্ট এবং দুই কপি স্ট্যাম্প সাইজ ছবি।

Signature

অনলাইন ভর্তির ধাপসমূহঃ-

ক) তিতুমীর কলেজের ওয়েবসাইট www.titumircollege.gov.bd এ প্রবেশ করে EMS এর Master's Final অপশনের Admission Info থেকে Apply Now ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট নিতে হবে।


খ) শিক্ষার্থী যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক সেই বিভাগে ভর্তি ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট বিভাগ আবেদন ফরমে স্বাক্ষর ও সীল প্রদান করে শিক্ষার্থীকে ফেরত দিবে।

গ) শিক্ষার্থী পুনরায় ওয়েবসাইটে প্রবেশ করে payment অপশনে মোবাইল ব্যাংকিং বিকাশ/রকেট/নগদ পছন্দ করে পেমেন্ট সম্পন্ন করবে। টাকা জমা দেয়ার অনলাইন কপি নিজে সংরক্ষণ করবে।

ঘ) শিক্ষার্থী নিজ মোবাইলে ক্লাস রোল, আইডি ও পাসওয়ার্ড পাবে। ক্লাস রোল ভর্তি ফরমের নিদিষ্ট ঘরে হাতে লিখবে এবং কলেজের শেখ কামাল প্রশাসনিক ভবনের দোতলায় হিসাব শাখায় ফরম জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।

ঙ) শিক্ষার্থীরা Login অপশনে প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তির স্ট্যাটাস দেখতে পারবে।

যে সকল শিক্ষার্থী তিতুমীর কলেজ ব্যতিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অন্যান্য সাত কলেজ থেকে স্নাতক ৪র্থ বর্ষ সম্পন্ন করেছে তারা নিজ কলেজে মাস্টার্স শেষ পর্ব সংশ্লিষ্ট বিষয় না থাকলে অত্র কলেজে ভর্তি হতে পারবে। সেক্ষেত্রে পূর্বের বিভাগীয় প্রধানের সম্মতিপত্র জমা দিতে হবে।


30.01.2023
অধ্যক্ষ

সরকারি তিতুমীর কলেজ
সরকারি তিতুমীর কলেজ
ঢাকা।

কপি বণ্টন :

- ১। উপাধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ;
- ২। সকল বিভাগীয় প্রধান, সরকারি তিতুমীর কলেজ;
- ৩। সকল নোটিশ বোর্ড, সরকারি তিতুমীর কলেজ;
- ৪। সংরক্ষণ নথি।